

## Assignment Based Examination Question

2021

GUIDOL

PG 3rd Semester

Paper: First

১। (ক) “বিভাব, অনুভাব এবং সঞ্চারী ভাবের সংযোগে রসের নিষ্পত্তি হয়।”

সাহিত্যে রসনিষ্পত্তির ব্যাপারটি এই উক্তির ভিত্তিতে বুঝিয়ে দিন।

১৫

অথবা

(খ) “‘ধ্বনি’ বা ‘ব্যঙ্গ’ হচ্ছে কাব্যের আত্মা, তার সারতম বস্ত।”

আনন্দবর্ধন ব্যাখ্যাত ধ্বনিতত্ত্ব অবলম্বনে উক্তিটি পরিস্ফুট করুন।

১৫

২। (ক) অ্যারিস্টটলের পোয়েটিক্স অবলম্বনে মহাকাব্য ও ট্র্যাজেডির সাদৃশ্য ও পার্থক্য নির্ণয় করুন।

অথবা

(খ) অ্যারিস্টটলের পোয়েটিক্স অনুসরণে ট্র্যাজেডির ছয় অঙ্গের পরিচয় দিন এবং তাদের আপেক্ষিক গুরুত্বের বিষয়ে আলোচনা করুন।

৩। (ক) “বাস্তবের সেই হট্টগোলের মধ্যে পড়িলে কবির কাব্য হাটের কাব্য হইবে। তাঁহার অন্তরের মধ্যে যে ধৰ্ব আদর্শ আছে তাহারই ’পরে নির্ভর করা ছাড়া অন্য উপায় নাই। সে আদর্শ হিন্দুর আদর্শ বা ইংরেজের আদর্শ নয়, তাহা লোকহিতের এবং স্কুল-ইস্কুল মাস্টারির আদর্শ নহে। তাহা আনন্দময় সুতরাং অনিবাচনীয়।”  
সাহিত্যের বাস্তবতা সম্পর্কে রবীন্দ্রনাথের এই মন্তব্যের সম্মত পর্যালোচনা করুন।

২০

অথবা

(খ) “আমাদের মন যে জ্ঞানরাজ্যে বিচরণ করে সেটা দুইমুখো পদার্থ; তার একটা দিক হচ্ছে তথ্য, আর-একটা দিক হচ্ছে সত্য। যেমনটি আছে তেমনটির ভাব হচ্ছে তথ্য; সেই তথ্য যাকে অবলম্বন করে থাকে সেই হচ্ছে সত্য।”

রবীন্দ্রনাথ কীভাবে এই মন্তব্যটিকে তাঁর প্রবন্ধে যুক্তিসহ উপস্থাপিত করেছেন আলোচনা করুন।

## Assignment Based Examination Question

2021

GUIDOL

PG 3rd Semester

Paper: Second

১। (ক) নায়িকাভেদ-প্রকরণে নায়িকাদের কতভাগে বিভাজিত করা হয়েছে? বিভাজন অনুযায়ী নায়িকাদের নাম  
উল্লেখ করে এদের সমস্ত অবস্থাই রাধিকাতে বর্তমান কি না, যুক্তিসহ আলোচনা করুন। ১৫

অথবা

(খ) পূর্বরাগের সংজ্ঞা নির্দেশ করে এই পর্যায়ের পদ-রচনায় বৈষ্ণব পদকর্তারা উজ্জ্বলনীলমণিকারের নির্দেশ  
কতটুকু পালন করেছেন এবং কতটুকু স্বাধীন মনোভাবের পরিচয় দিয়েছেন উদাহরণসহ আলোচনা  
করুন।

২। (ক) ‘শ্রীচৈতন্যচরিতামৃত’ অবলম্বনে কৃষ্ণতত্ত্ব ও রাধাতত্ত্ব বিশ্লেষণ করুন এবং চৈতন্যদেব সম্পর্কে ‘রসরাজ  
মহাভাব দুই এক রূপ’ বলা হয়েছে কেন, লিখুন।

অথবা

(খ) বাসুদেব সার্বভৌমের সঙ্গে বেদান্তবিচারকালে মহাপ্রভু জীব, জগৎ এবং ব্রহ্মের স্বরূপ সম্পর্কে যে  
অভিমত প্রকাশ করেছিলেন তা একে একে উপস্থাপিত করুন। ১৫

৩। (ক) “শাঙ্কসংগীতগুলো মূলত সাধন-সংগীত।”

শাঙ্কপদাবলির আপনার পঠিত পদগুলো অবলম্বনে শাঙ্কের সাধনতত্ত্বের পরিচয় দিন। ২০

অথবা

(খ) “ শাঙ্কপদাবলির আগমনী ও বিজয়া পর্যায়ের পদে বাঙালি ঘরের চিরন্তন ছবি ফুটে উঠেছে।”

শাঙ্কপদাবলির আগমনী ও বিজয়া পর্যায়ের পদগুলো অবলম্বনে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করুন।

-----

## Assignment Based Examination Question

**2021**

**GUIDOL**

PG 3rd Semester

Paper: Third

১। (ক) ‘পলাশীর যুদ্ধ’ কাব্যগ্রন্থে কবি ঐতিহাসিক উপাদান কতটা ব্যবহার করেছেন সে সম্পর্কে একটি নাতিদীর্ঘ  
নিবন্ধ রচনা করুন। ১৫

অথবা

(খ) ‘পলাশীর যুদ্ধ’ কাব্যকে মহাকাব্য বলা যায় কি? এ সম্পর্কে আপনার অভিমত যুক্তিসহ লিখুন।

২। (ক) ‘সধবার একাদশী’ নাটকের ঘটনা ও চরিত্রবিকাশে হাস্যরসের উপযোগিতা বিষয়ে আপনার অভিমত  
দিন। ১৫

অথবা

(খ) ‘সধবার একাদশী’ নাটককে সার্থক কর্মেডি বলা যায় কি না যুক্তিসহ আলোচনা করুন।

৩। (ক) ‘শকুন্তলা অর্দেক মিরন্দা, অর্দেক দেস্দিমোনা।’

এই মন্ত্রিতে বক্ষিমচন্দ্রের কী কী যুক্তি রয়েছে ‘শকুন্তলা, মিরন্দা এবং দেস্দিমোনা’ প্রবন্ধ অনুসরণে  
আলোচনা করুন। ২০

অথবা

(খ) “‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাসে বক্ষিমচন্দ্রের শিল্পীসত্তা ও নৈতিকসত্তার দ্঵ন্দ্ব লক্ষ করা যায়।”

মন্তব্যটির আলোকে বক্ষিমচন্দ্রের ‘কৃষ্ণকান্তের উইল’ উপন্যাস বিশ্লেষণ করুন।

---

## Assignment Based Examination Question

**2021**

**GUIDOL**

PG 3rd Semester

Paper: Fourth

১। (ক) যতীন্দ্রনাথ সেনগুপ্তকে দুঃখবাদী কবি বলা কতটা যুক্তিসঙ্গত আপনার পর্থিত ‘অনুপূর্বা’ কাব্যগ্রন্থের  
কবিতাগুলি অবলম্বনে বুঝিয়ে লিখুন।

১৫

অথবা

(খ) “যতীন্দ্রনাথের কাব্যশিল্প সহজ ও স্পষ্ট, কারুকার্যহীন, হয়ত খানিকটা ছাই। তবে কবির অনুভব ও আবেগ  
খাঁটি, উজ্জ্বল ও সংযত।”

আপনার পর্থিত ‘অনুপূর্বা’ কাব্যগ্রন্থের কবিতাগুলি অবলম্বনে সমালোচকের মন্তব্যটির যথার্থতা নিরূপণ  
করুন।

২। (ক) ‘রক্তমণির হারে’ গল্পগ্রন্থের আপনার পাঠ্য গল্পগুলি অবলম্বনে নারীচরিত্রের বৈচিত্রের আলোচনা করুন। ১৫  
অথবা

(খ) ‘জটায়ু’ গল্পের বিষয় ও শিল্পগত বৈশিষ্ট্য আলোচনা করুন।

৩। (ক) ‘তপস্বী ও তরঙ্গিনী’ নাটকের ঋষ্যশৃঙ্গ চরিত্রটির বিশেষত্ব সম্পর্কে লিখুন।  
অথবা

(খ) ‘আরণ্যক’ উপন্যাস অবলম্বনে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের প্রকৃতিচেতনার স্বরূপ তুলে ধরুন।

-----